

## ফতওয়া নং ৩১০

### প্রশ্ন:

হুজুর একটা মসজিদের কমিটি কোনো কারনে ছেড়ে যাওয়ার পর নতুন কমিটি গঠন হয়; কিন্তু পুরাতন কমিটির কাছে কিছু টাকা রয়ে যায় এখন যদি সেই টাকা তাদের দেওয়া হয় তাহলে ফিতনা হবে। এখন সেই টাকা কি করা যেতে পারে? অথবা অন্য মসজিদে দেওয়া যেতে পারে কি ?

### উত্তর:

দাতারা যে মসজিদে, যে সুনির্দিষ্ট খাতে দান করেছে, তাদের দানকৃত টাকা সেই মসজিদেরই সেই নির্দিষ্ট খাতে ব্যয় করা আবশ্যিক; কমিটির হাতে দেওয়া আবশ্যিক নয়। অতএব কমিটির হাতে দিলে বাস্তবিকই যদি ফেতনা হয়, তাহলে যে কৌশল বা পথ অবলম্বন করলে ফেতনা মুক্ত ভাবে দাতাদের উদ্দেশ্য অনুযায়ী উক্ত মসজিদে খরচ করা সম্ভব হয়, সেই পথ বা কৌশল অবলম্বন করা উচিত। (ফাতাওয়া দারুল উলুম দেওবন্দ ১৩/৩৮৩ দ্রষ্টব্য )

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী  
ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।  
০৭ রমাযান, ১৪৪৫ হিজরী (18/03/2024)